



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Website: [www.dinaajpureducationboard.gov.bd](http://www.dinaajpureducationboard.gov.bd) email: [dinaajpureducationboard@gmail.com](mailto:dinaajpureducationboard@gmail.com)

স্মারক নং- মাউশিবোদি/প্রশাঃ/উত্তরপত্র বিক্রয়/৯৫/২০০৯/৭৬৬৬(৭)

তারিখ : ৩২/০৫/২০২৩ খ্রিঃ

বিষয় : ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এসএসসি পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখার পত্র স্মারক নং-মাউশিবোদি/পনি/পরীঃ/২০২২/৪৩৪০(০২), তারিখঃ ২৭/০৫/২০২৩ খ্রিঃ।

উল্লিখিত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকগণের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী ২৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখে সংরক্ষণের মেয়াদকাল ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর তা শিক্ষা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দপ্রাপ্ত মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রমিক বিল থেকে হিসাবমতে বিধি মোতাবেক কর্তন করে তাঁর সম্মানী/পারিশ্রমি বিল প্রদান করা হবে। এমতাবস্থায়, তাঁর নিকট বরাদ্দকৃত উত্তরপত্র শিক্ষা বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তাঁর নিকট বরাদ্দকৃত উত্তরপত্র তিনি বিক্রি করে দিতে পারবেন।

মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ৪৯৭৩/২০২০ এর আদেশ মোতাবেক তা বাস্তবায়নের লক্ষ্যে পরীক্ষার উত্তরপত্র বিক্রির পত্র জারির পর ১৫ (পনের) দিনের মধ্যে প্রচলিত বাজার দরে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্রসমূহ ক্রয় করার জন্য জনাব মোঃ ফজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট-কে সংশ্লিষ্ট প্রধান পরীক্ষকগণের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়-সীমার মধ্যে প্রধান পরীক্ষকগণের নিকট হতে উত্তরপত্র ক্রয়ে ব্যর্থ হলে প্রধান পরীক্ষকগণ প্রচলিত বাজার দরে তা বিক্রয় করতে পারবেন।

প্রফেসর মোঃ জহির উদ্দিন

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

টেলিফোন-০২৫৮৮৮১৭৬৯২

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
২০২২ সালের এসএসসি পরীক্ষার  
সকল প্রধান পরীক্ষক।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
২. হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
৩. জনাব মোঃ বজলুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, পথশিশু কল্যাণ ট্রাস্ট, ৫/২৯, সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
৪. একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৫. ওয়েব কপি।
৬. অফিস কপি।